# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (d) সম্প্রতি ইন্সিয়োরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অফ ইন্ডিয়া (IRDAI) কর্তৃক ২০২১-২২ সালের 'Domestic Systematically Important Insurers' হিসাবে নির্বাচিত হয়েছে বিমা সংস্থা LIC, GIC, NIA।

2. (c) লাইফ ইন্সিয়োরেন্স কর্পোরেশন গ্রাহকদের সমস্ত ধরনের অনলাইন বিমান পরিষেবা প্রদানের জন্য মুম্বাইয়ের বান্দ্রা কুরলা কমপ্লেক্স ডিজি জোন চালু করেছে।

**এক নজরে এলআইসি :** অ্যাচিভার্স
- প্রতিষ্ঠাকাল – ১৯৫৬ সাল
- সদর কার্যালয় – মুম্বাই
- পরিষেবা প্রদানের – জীবন বিমা, স্বাস্থ্য বিমা, মিউচুয়াল ফান্ড প্রভৃতি।

3. (d) ১ জানুয়ারি ২০২২ তারিখ থেকে বিহারের মুখ্য সচিব হিসাবে আমীর শুভানি পূর্ববর্তী পদাধিকারী ত্রিপুরারি সাহারানের স্থলাভিষিক্ত হলেন। আমীর শুভানি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে বিহারের ডেভেলপমেন্ট কমিশনার ছিলেন।

4. (b) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া সম্প্রতি 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ক্লিয়ারিং কর্পোরেশনের' প্রায় ১০ শতাংশ শেয়ার অধিগ্রহণ করতে চলেছে।

**এক নজরে IICC :**
- সদর কার্যালয় – গান্ধীনগর
- বর্তমান চেয়ারম্যান – আশিসকুমার চৌহান

5. (a) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক RBL ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে রাজীব আহুজাকে নিযুক্ত করার সুপারিশ করল।

**এক নজরে RBL ব্যাঙ্ক :**
- প্রতিষ্ঠাকাল – ১৯৪৩ অ্যাচিভার্স
- সদর কার্যালয় – মুম্বাই

6. (b) সম্প্রতি ইজিপ্ট/মিশর ব্রিকস সদস্য ভুক্ত দেশগুলোর দ্বারা গঠিত নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্কে'র নতুন সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হল। এই ব্যাঙ্কের অন্যান্য সদস্য দেশগুলি হল ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন, দক্ষিণ আফ্রিকা, বাংলাদেশ, সংযুক্ত আরব আমিরশাহি, উরুগুয়ে।

7. (c) ইন্ডিয়ান কোস্ট গার্ডের ডিজি হিসেবে বীরেন্দর সিং পাথানিয়া নিযুক্ত হলেন। ১৯৭৭ সালে 'ইন্ডিয়ান কোস্ট গার্ড' প্রতিষ্ঠিত হয়েছিল। এর সদর কার্যালয়, নতুন দিল্লিতে অবস্থিত। এর মোটো হল 'Vayam Rakshamah'। অ্যাচিভার্স

8. (c) উত্তরপ্রদেশ সরকার ঝাঁসি রেলওয়ে স্টেশনের নাম পরিবর্তন করে 'বীরাঙ্গনা লক্ষ্মীবাঈ রেলওয়ে স্টেশন' রাখার অনুমোদন প্রদান করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, রানি লক্ষ্মীবাঈ হলেন একজন স্বাধীনতা সংগ্রামী বীরাঙ্গনা। তিনি ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহে ঝাঁসির হয়ে নেতৃত্ব দিয়েছিলেন।

9. (a) কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জীবাশ্ম জ্বালানি সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা করার উদ্দেশ্যে তরুণ কাপুরের নেতৃত্বে এক কমিটি গঠন করল। তিনি কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের প্রাক্তন সচিব।

10. (a) বিজয় গালানি একজন জনপ্রিয় বলিউড চলচ্চিত্র প্রযোজক। সম্প্রতি ক্যান্সারে আক্রান্ত হয়ে মারা গেছেন।

11. (a) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া প্রাথমিক পর্বে ২৯টি অনুমোদিত শাখায় 'encash Electoral Bonds' ইস্যু করার পরিষেবা চালু করেছে। এই বন্ডটি পনেরো দিন বৈধ থাকবে এবং এটি কোন রাজনৈতিক দল কিনতে পারবে না।

12. (d) ২০২১-২২ মরশুমের বিজয় হাজারে ট্রফিতে চ্যাম্পিয়ন হল হিমাচল প্রদেশ। ফাইনালে তারা তামিলনাড়ুকে পরাজিত করে চ্যাম্পিয়ন হল। অ্যাচিভার্স

**এক নজরে এবারের বিজয় হাজারে ট্রফি :**
- তারিখ – ৮ থেকে ২৬ ডিসেম্বর, ২০২১
- পরিচালন সংস্থা – বিসিসিআই
- টুর্নামেন্ট ফর্ম্যাট – রাউন্ড রোবিন ও প্লে অফ
- সর্বাধিক রান সংগ্রহকারী – ঋতুরাজ গাইকোয়াড

13. (c) অসংরক্ষিত ঋণ সংক্রান্ত বিষয়ে উল্লেখযোগ্য পদক্ষেপ নেওয়ার জন্য বেসরকারি অ্যাক্সিস ব্যাঙ্ক পয়সাবাজার ডট কম-এর যৌথ সহযোগিতায় 'Pre Qualified Program' চালু করেছে।

14. (d) সম্প্রতি রাশিয়া ১০টি নতুন Zirkon hypersonic cruise missiles-এর সফল পরীক্ষা করেছে। এটি শব্দের থেকে ন'গুণ বেশি গতিবেগ বিশিষ্ট এবং এটি ১০০০ কিমি দূরে আঘাত হানতে সক্ষম।

15. (a) রে ইলিংওয়ার্থ ইংল্যান্ডের পেশাদারি ক্রিকেটার, ক্রিকেট ধারা ভাষ্যকার ও ক্রিকেট প্রশাসক ছিলেন। ১৯৫৮-১৯৭৩ সাল পর্যন্ত ইংল্যান্ড দলের অন্যতম সদস্যসহ দলীয় অধিনায়ক ছিলেন তিনি। তিনি সমগ্র ক্রিকেট জীবনে ৬১টি টেস্ট ম্যাচে ১৮৩৬ রান ও ১২২টি উইকেট সংগ্রহ করেছেন। তিনি ১৯৯৩-১৯৯৬ পর্যন্ত 'সিলেক্ট ফর ইংল্যান্ড'-এর চেয়ারম্যান ছিলেন।

16. (b) ব্রেইল পদ্ধতির আবিষ্কারক লুইস ব্রেইল-এর জন্মদিবস উপলক্ষ্যে প্রতিবছর ৪ জানুয়ারি 'ওয়ার্ল্ড ব্রেইল ডে' উদযাপিত হয়। ব্রেইল পদ্ধতি হল দৃষ্টি সংক্রান্ত প্রতিবন্ধী মানুষের শিক্ষা গ্রহণের জন্য ব্যবহার করা হয়। অ্যাচিভার্স

17. (d) অতুল কুমার গোয়েল পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের 'অফিসার

অন স্পেশাল ডিউটি' হিসেবে নিযুক্ত হলেন। বর্তমানে তিনি ঐ ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসেবে নিযুক্ত আছেন।

18. (b) বিশিষ্ট আলোকচিত্র শিল্পী ড্যানিশ সিদ্দিকি ২০২০ সালের রেডইংক অ্যাওয়ার্ড ফর জার্নালিস্ট অফ দ্য ইয়ার এ ভূষিত হলেন। তিনি আফগান সেনাবাহিনী ও তালিবানি সেনার সংসদের কভারেজ করতে গিয়ে ২০২১ সালের জুলাই মাসে মারা গেছেন। তাঁর হয়ে মরণোত্তর এই সম্মান গ্রহণ করেছেন তবে স্ত্রী ফ্রেডেরিকা সিদ্দিকি।

19. (b) কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান এবং সিইও হিসেবে বিনয় কুমার ত্রিপাঠীকে নিযুক্ত করার সুপারিশ করল যিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সুনীত শর্মার স্থলাভিষিক্ত হলেন।

20. (a) ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন লিমিটেড (NTPC Ltd.) সম্প্রতি পাওয়ার এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (PXIL) এর ৫ শতাংশ শেয়ার অধিগ্রহণ করল।

**এক নজরে NTPC Ltd. :**

- প্রতিষ্ঠাকাল – ১৯৭৫
- সদর কার্যালয় – নিউ দিল্লি

21. (a) সম্প্রতি বাল্যবিবাহ নিষিদ্ধকরণ (সংশোধনী) বিল - ২০২১-এর পর্যালোচনা করার জন্য ৩১ সদস্যের পার্লামেন্টারি স্ট্যান্ডিং কমিটি গঠিত হল যার একমাত্র মহিলা সদস্য হলেন তৃণমূল কংগ্রেস দলের হয়ে নির্বাচিত রাজ্য সভার সাংসদ সুস্মিতা দেব।

22. (c) সম্প্রতি হিমাচল প্রদেশ ভারতের প্রথম এলপিজি সক্ষম এবং ধোঁয়ামুক্ত রাজ্যের তকমা লাভ করল। এযাবৎ রাজ্যে কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার আওতায় ১.৩৬ লক্ষ গার্হস্থ্য সংযোগ এবং রাজ্য কর্তৃক চালু করা 'গৃহিনী সুবিধা যোজনা'র আওতায় ৩.২৩ লক্ষ গার্হস্থ্য সংযোগ দেওয়া হয়েছে।

23. (d) সম্প্রতি প্রকাশিত এবং তথ্যানুযায়ী অ্যাপেল কোম্পানির মার্কেট ক্যাপিটালের পরিমাণ ৩ ট্রিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে।

**এক নজরে অ্যাপেল সংস্থা :**

- প্রতিষ্ঠাকাল – ১৯৭৬
- সদর কার্যালয় – ক্যালিফোর্নিয়া
- প্রোডাক্টস – iPod, iPhone, iPad, Macintosh

24. (c) রিচার্ড লিকি কেনিয়ার বিশিষ্ট রাজনীতিবিদ, সংরক্ষণবাদী এবং জীবাশ্মবিদ ছিলেন। তাঁর আবিষ্কৃত 'Turkana Boy' প্রমাণ করে মানবজাতির বিবর্তন ধীর ও ধারাবাহিক পদ্ধতিতে হয়েছে।

25. (c) ভারতের বৃহত্তম তেল ও গ্যাস উৎপাদক সংস্থা ও এনজিসি'র অন্তর্বর্তীকালীন তথা প্রথম মহিলা সিএমডি হিসেবে নিযুক্ত হলেন অলকা মিত্তল।

**এক নজরে ওএনজিসি :**

- প্রতিষ্ঠাকাল – ১৯৫৬
- সদর কার্যালয় – নতুন দিল্লি

26. (a) সম্প্রতি কেন্দ্রীয় অর্থ মন্ত্রক কর্তৃক প্রকাশিত রিপোর্ট অনুযায়ী ডিসেম্বর - ২০২১-এর হিসেবে মোট ১,২৯,৭৮০ কোটি টাকা জিএসটি হিসাবে আদায় হয়েছে। যার মধ্যে এসজিএসটি বাবদ ২৮,৬৫৮ কোটি টাকা এবং সিজিএসটি বাবদ ২২,৫৭৮ কোটি টাকা আইজিএসটি বাবদ ৬৯,১৫৫ কোটি টাকা এবং সেস বাবদ ৯,৩৮৯ কোটি টাকা আদায় হয়েছে।

27. (d) আজুর পাওয়ার গ্লোবাল রাজস্থানের বিকানীরে ৬০০ মেগাওয়াট শক্তি উৎপাদনোক্ষম সৌরবিদ্যুৎ উৎপাদন প্রোজেক্ট বাস্তবায়িত করেছে। এটি ভারতের বৃহত্তম সৌর শক্তি উৎপাদন প্রোজেক্ট।

**এক নজরে আজুর পাওয়ার গ্লোবাল :**

- প্রতিষ্ঠা কাল – ২০০৮
- সদর কার্যালয় – নতুন দিল্লি

28. (d) ভিস্তারা এয়ারলাইন্সের সিইও হিসেবে বিনোদ কান্নন এই পদে পূর্ববর্তী পদাধিকারী, লেসলি থাং-এর স্থলাভিষিক্ত হলেন। এদিন এ সংস্থার চিফ কমার্শিয়াল অফিসার হিসাবে নিযুক্ত হলেন দীপক রাজাবাত।

29. (a) কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা (NMCG) এর ডিজি হিসেবে জি অশোক কুমারকে নিযুক্ত করার সুপারিশ করল যিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাজীব রঞ্জন মিশ্রর স্থলাভিষিক্ত হলেন।

30. (b) ভারতীয় নৌবাহিনী চলতি বছরের ফেব্রুয়ারি মাসে বিশাখাপত্তনমে বহুজাতিক নৌমহড়া 'মিলন' আয়োজন করল। এবারের এই নৌমহড়ার থিম হল 'Camaraderic, Cohesion and Collaboration'।

31. (b) রাষ্ট্র সংঘের অধীনস্থ ওয়ার্ল্ড ফুড প্রোগ্রামের ভারতীয় শাখা প্রধানমন্ত্রী পোশান শক্তি নির্মাণ স্কিম (PM POSHAN) উন্নততর করতে 'The Akshaya Patra Foundation (TAPF)-এর সঙ্গে যৌথ অংশীদারিত্ব গ্রহণ করেছে। এই যৌথ অংশীদারিত্বের ফলে খাদ্য নিরাপত্তা, খাদ্যের গুণমান বৃদ্ধি প্রভৃতি ক্ষেত্রে নানা গঠনমূলক কাজ কর্ম করবে।

32. (d) সম্প্রতি ক্যারিবিয়ান দেশ অ্যান্টিগুয়া এবং বারবুডা ইন্টারন্যাশানাল লোসার অ্যালায়েন্স (ISA)-এর ১০২তম সদস্য দেশ হিসেবে অন্তর্ভুক্ত হল।

**এক নজরে ISA :**

- প্রতিষ্ঠাকাল – ২০১৫ সাল
- সদর কার্যালয় – গুরুগ্রাম, হরিয়ানা, ভারত
- মোট সদস্য সংখ্যা – ১০২

33. (c) RBI সম্প্রতি RBI Act - 1934 অনুযায়ী এয়ারটেল পেমেন্টস ব্যাঙ্ককে সিডিউল পেমেন্টস ব্যাঙ্কের তকমা প্রদান করল। এই তকমা পাওয়ার সুবাদে ব্যাঙ্ক রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সমস্ত ব্যাঙ্কিং পরিষেবা দেওয়ার স্বত্ত অর্জন করল।

34. (b) সম্প্রতি সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক 'ক্রাইসিস ফর বিজনেস কন্টিনিউটি বিভাগে শ্রেষ্ঠ অটোমেশন হিসাবে 'Uipath Automation Excellence Awards' এ ভূষিত হল।

35. (d) ভারতের বিশিষ্ট সংখ্যাতত্ত্ববিদ জে সি চৌধুরি প্রাচীন বিজ্ঞান বিষয়ে সংখ্যাতত্ত্ব বিদ্যায় কৃতিত্ব প্রদর্শন করে গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডসে নাম নথিভুক্ত করলেন।

36. (d) ভারতের কিংবদন্তী মহিলা ক্রিকেটার শেফালি ভার্মা রাষ্ট্রায়ত্ত সরকারি ব্যাঙ্ক, ব্যাঙ্ক অফ বরোদার ব্র্যান্ড এম্ব্রোসার হিসেবে নিযুক্ত হলেন। তিনি সর্বকনিষ্ঠ মহিলা ক্রিকেটার হিসেবে ২০১৯ সালে মহিলাদের টি-২০ আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে খেলেছিলেন। অ্যাচিভার্স

37. (d) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক সম্প্রতি এগজিকিউটিভ ডিরেক্টর হিসেবে দীপক কুমার এবং অজয় কুমার চৌধুরিকে নিযুক্ত করল যাঁরা ২০২২ সালের ৩ জানুয়ারি থেকে দায়িত্ব গ্রহণ করেছেন।

38. (a) ২০২২ সালের সৈয়দ মোদী ইন্টারন্যাশনাল ব্যাডমিন্টন টুর্নামেন্টে মহিলাদের সিঙ্গলসে ভারতের মালবিকা বংশোদকে ২১-১৩, ২১-১৬ ফলাফলে পরাজিত করে পি ভি সিন্ধু চ্যাম্পিয়ন হলেন।

39. (a) গ্লোবাল ক্রিপ্টোকারেন্সি অ্যাপ 'CryptoWire' কর্তৃক চালু করা ভারতের প্রথম ক্রিপ্টোকারেন্সি'জ ইনডেক্স-এ ১৫টি সংস্থা অংশ গ্রহণ করেছিল।

40. (a) ৩ জানুয়ারি কেন্দ্রীয় আয়ুশ মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল হায়দরাবাদে হৃদয়গ্রাহী ইন্টারন্যাশনাল যোগা অ্যাকাডেমির আনুষ্ঠানিক ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন।

41. (c) ভারতের বৃহত্তম রাষ্ট্রায়ত্ত সরকারি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'পাইন ল্যাবস প্রাইভেট লিমিটেড'-এ ২০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করতে চলেছে।

**এক নজরে এসবিআই :** অ্যাচিভার্স

- প্রতিষ্ঠাকাল – ১ জুলাই, ১৯৫৫
- সদর কার্যালয় – মুম্বাই
- বর্তমান চেয়ারম্যান – দীনেশ কুমার খারা

42. (c) সম্প্রতি ইউএস ইন্ডিয়া বিজনেস কাউন্সিলের প্রেসিডেন্ট হিসাবে অতুল কেশপ এই পদে পূর্ববর্তী পদাধিকারী নিশা দেশাই বিশাল-এর স্থলাভিষিক্ত হলেন।

43. (b) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ত্রিপুরায় অবস্থিত মহারাজা বীর বিক্রম এয়ারপোর্টে নতুন ইন্টিগ্রেটেড টার্মিনালের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন সেই বিমানবন্দরটি আগরতলা বিমানবন্দর নামেও পরিচিত।

44. (c) তিনি একজন ভারতীয় সমাজকর্মী যিনি অনাথ শিশুদের লালন পালনের কাজের জন্য বিখ্যাত। তাঁর নিজের একটি কন্যা ও তিনটি পুত্র এবং ১০৪২ জন পালিত সন্তান। তিনি ২০২১ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন।

45. (a) রাষ্ট্র সঙ্ঘে নিযুক্ত ভারতের স্থায়ী প্রতিনিধি টিএস তিরুমূর্তি ইউএন সিকিউরিটি কাউন্সিল কাউন্টার টেররিজম কমিটির চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন।

**এক নজরে রাষ্ট্র সংঘ :** অ্যাচিভার্স

- প্রতিষ্ঠাকাল – ১৯৪৫
- সদর কার্যালয় – নিউইয়র্ক সিটি
- বর্তমান সদস্য দেশ – ১৯৩
- অফিশিয়াল ভাষা – আরবি, চীনা, ইংরেজি, ফরাসি, রাশিয়ান এবং স্প্যানিশ।

46. (a) সম্প্রতি অর্থাৎ ৩ জানুয়ারি লাদাখে সক্রিয় উদ্যম ও উদ্দীপনার সহিত লোসার উৎসব উদযাপিত হল। সাধারণত বৌদ্ধ ধর্মাবলম্বীরা এই অনুষ্ঠানে উদযাপন করে থাকে। তবে অরুনাচল প্রদেশেও এই উৎসব অনুষ্ঠিত হয়।

47. (b) সম্প্রতি রেকারিং বিল পেমেন্টের পদ্ধতিতে সরলীকরণ নিয়ে আনার জন্য NPCI Bharat Bill Pay কর্তৃক UPMS পরিষেবা চালু হয়েছে।

48. (d) তিনি রাশিয়ার কিংবদন্তী ট্রিপল জাম্পার অ্যাথলিট ছিলেন। তিনি ১৯৬৮, ১৯৭২, ১৯৭৬ সালের অলিম্পিক গেমসে সোনার মেডেল ১৯৮০ সালের অলিম্পিক গেমসে রৌপ্য মেডেল জয়লাভ করেছেন।

49. (c) সাংবাদিকতা ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ 'The Times Express Group' কর্তৃক রামনাথ গোয়েঙ্কা অ্যাওয়ার্ডস প্রদান করা হয়।

50. (b) ফ্রান্সের বিজ্ঞানীগণ সম্প্রতি করোনার যে নতুন ভ্যারিয়েন্ট আবিষ্কার করেছেন তার নাম 'IHU-B.1.640.2'। এই ভ্যারিয়েন্টটি ৪৬ বার মিউটেশন ঘটাতে সক্ষম।

51. (b) কেন্দ্রীয় সরকার কমিশন ফর এগ্রিকালচারাল কোস্টস অ্যান্ড প্রাইসেস (CACP) এর চেয়ারম্যান হিসাবে বিজয় পাল শর্মাকে পুনর্নিযুক্ত করল।

**এক নজরে (CACP) :** অ্যাচিভার্স

- প্রতিষ্ঠাকাল – ১৯৬৫ সাল।
- সদর কার্যালয় – দিল্লি

52. (b) NHPC Ltd. সম্প্রতি বিহারে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনোক্ষম ভাসমান সৌর বিদ্যুৎ প্রোজেক্ট গড়ে তোলার জন্য GEDCOL-এর সঙ্গে যৌথ মউ সাক্ষর করেছে। এখানে NHPC Ltd. এর শেয়ার ৭৪% এবং GEDCOL-এর শেয়ার ২৬%।

53. (d) সম্প্রতি ওডিশার গঞ্জাম জেলা প্রশাসন বাল্যবিবাহ মুক্ত জেলা হিসাবে স্বীকৃতি পেল। গঞ্জাম জেলা বাল্যবিবাহ সংক্রান্ত গোপন খবর দেওয়া ব্যক্তিকে ৫০ হাজার টাকা পুরস্কার দেওয়া চালু করেছে।

54. (b) তিব্বতীয় চন্দ্র পঞ্জিকা অনুযায়ী দশম মাসের অষ্টাদশ দিনে সিকিম রাজ্যবাসীরা লুসুং উৎসব পালন করে থাকে। সাধারণত খামারে ফসল তোলার আনন্দে এই উৎসব পালিত হয়। অ্যাচিভার্স

55. (a) বড় রাজ্যের (মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, উত্তর প্রদেশ, পশ্চিমবঙ্গ,

কর্নাটক প্রভৃতি) ক্ষেত্রে সংসদীয় নির্বাচনী এলাকায় নির্বাচনী খরচের পরিমাণ পূর্বের ৭০ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ৯৫ লক্ষ টাকা করেছে। ছোট রাজ্যের ক্ষেত্রে ৫৪ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ৭০ লক্ষ টাকা করেছে।

56. (b) জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো অ্যাবে ২০২২ সালের নেতাজি অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। এই পুরস্কারটি কলকাতার ‘নেতাজি রিসার্চ ব্যুরো’ কর্তৃক প্রদান করা হয়।

57. (c) বিশিষ্ট চীনা কূটনীতিবিদ ঝ্যাং মিং সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের সেক্রেটারি জেনারেল হিসাবে নিযুক্ত হলেন।

**এক নজরে SCO :**

- গঠনকাল – ২০০১
- সদর কার্যালয় – বেজিং
- মূল সদস্য দেশ – ৮
- পর্যবেক্ষণকারী সদস্য দেশ – ৩

58. (c) ১২-১৬ জানুয়ারি পুদুচেরিতে অনুষ্ঠিত হয়ে গেল ২৫তম ন্যাশনাল ইউথ ফেস্টিভ্যাল। ১৯৯৫ সালে এই উৎসব উদযাপন শুরু হয়েছিল।

59. (d) ৭ জানুয়ারি তেলেঙ্গানার হায়দরাবাদে ২৪তম ন্যাশানাল কনফারেন্স অন ই-গভর্ন্যান্স আয়োজিত হল। এবারের এই কনফারেন্সের থিম হল ‘India's Techade : Digital Governance in a Post Pandemic World’।

60. (c) ২০-২৯ জানুয়ারি অনুষ্ঠিত হওয়া ‘লিজেন্ড লিগ ক্রিকেট’ টুর্নামেন্টের অল ওমেন ম্যাচ অফিশিয়াল টিম’-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ঝুলন গোস্বামী। এই টুর্নামেন্টের কয়েকটি দল হল - ‘ইন্ডিয়া মহারাজা’, ‘এশিয়া লায়ন্স’ ওয়ার্ল্ড জায়ান্টস প্রভৃতি।

61. (d) সম্প্রতি অনুষ্ঠিত ‘ওয়ার্ল্ড র‍্যাপিড চেস চ্যাম্পিয়ন - ২০২১’ প্রতিযোগিতায় উজবেকিস্তানের নোদিরবেক আবুদসাত্তোরোভ রাশিয়ার ইয়ান নেপোমনিয়াৎচিকে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন।

62. (c) সম্প্রতি কুয়েতের হাইথাম আল-ঘাইস OPEC-এর সেক্রেটারি হিসাবে পূর্ববর্তী পদাধিকারী মহম্মদ সানুসি বার কিন্দো’র স্থলাভিষিক্ত হলেন।

**এক নজরে OPEC :**

- প্রতিষ্ঠাকাল – ১৯৬০
- সদর দপ্তর – ভিয়েনা
- সদস্য দেশ – ১৩টি

63. (c) বিশ্বব্যাপী শান্তি ও যথাযথ উন্নয়ন নিয়ে আসার জনসচেতনতা গড়ে তুলতে ২৪ জানুয়ারি সারা বিশ্বজুড়ে এই দিবস পালিত হল। এই দিবসের এ বছরের থিম হল– 'Changing Course, Transforming Education'.

64. (a) কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ডক্টর জিতেন্দ্র সিং তেলেঙ্গানার হায়দরবাদে ভারতের প্রথম রক মিউজিয়াম এর আনুষ্ঠানিক উদ্বোধন করলেন। এখানে ৩৫ রকমের বিভিন্ন শিলা সংরক্ষিত করে রাখা হয়েছে।

65. (a) ভারতের অন্যতম বিমা কোম্পানি 'SBI General Insurance' স্বাস্থ্য সংক্রান্ত পলিসি কেনার সাথে কর ছাড়ের সুবিধা গ্রহণ করা সচেতনতা বৃদ্ধি করতে '#BahaneChhodoTax Bachao' প্রচারাভিযান কর্মসূচি চালু করেছে।

66. (a) বাংলার অগ্নিকন্যা তথা বর্তমান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জীবন সংগ্রাম সংক্রান্ত গ্রন্থ 'Mamata Beyond 2021' রচনা করেছেন বিশিষ্ট সাংবাদিক জয়ন্ত ঘোষাল।

67. (d) সম্প্রতি কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রক কর্তৃক প্রদত্ত ‘২০২০ সালের ন্যাশনাল ওয়াটার অ্যাওয়ার্ড’ এর বেস্ট স্টেট ক্যাটাগরিতে পুরস্কৃত হল উত্তরপ্রদেশ। দ্বিতীয় ও তৃতীয় স্থানে পুরস্কৃত হয়েছে যথাক্রমে রাজস্থান ও তামিলনাড়ু।

68. (c) সিডনি পোয়াটিয়ে একজন বাহামিয়ান মার্কিন চলচ্চিত্র অভিনেতা, পরিচালক ও কূটনীতিবিদ ছিলেন। তিনি প্রথম কৃষ্ণাঙ্গ বাহামিয়ান ব্যক্তি হিসাবে অস্কার পুরস্কারে ভূষিত হয়েছিলেন।

69. (d) ইন্টারন্যাশনাল কমিটি অফ স্পোর্টস ফর দ্য ডেফ (ICSD) কর্তৃক অনুমোদন প্রাপ্ত অল ইন্ডিয়া স্পোর্টস কাউন্সিল অফ দ্য ডেফ (AISCD) ২০২৩ সালে প্রথম ওয়ার্ল্ড ডেফ টি-২০ ক্রিকেট চ্যাম্পিয়নশিপ আয়োজন করবে। ২০২৩ সালের ১০-২০ জানুয়ারি কেরলের তিরুবনন্তপুরমে অনুষ্ঠিত হবে।

70. (c) হিন্দি ভাষার ব্যবহার সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করার উদ্দেশ্যে ১০ জানুয়ারি সারা বিশ্বজুড়ে ‘ওয়ার্ল্ড হিন্দি ডে’ উদযাপিত হয়ে গেল। ২০০৬ সালে প্রথম এই দিনটি পালন করা শুরু হয়েছিল।

71. (d) ৮ জানুয়ারি মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা ‘নাসা’ মহাকাশে ‘জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ’ (JWST) স্থাপন করেছে।

**এক নজরে JWST :**

- ব্যাস – ২১ ফিট
- ফোকাল দৈর্ঘ্য – ৪৩১ ফিট
- ফোকাল রেশিও – $f/20.2$

72. (d) সাহেবজাদা জোরওয়ার সিং জি এবং সাহেবজাদা ফতেহ সিং জি শত্রুর বিরুদ্ধে লড়াই করে মৃত্যুবরণ করার দিনটি স্মরণ করে ২৬ ডিসেম্বর ‘বীর বাল দিবস’ উদযাপন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই বছর থেকে এই দিবসটি পালন করা শুরু হয়েছে।

73. (a) ধীরেন্দ্র কে ঝা একজন সাংবাদিক। গ্রন্থটিতে নাথুরাম গডসে’র দৃষ্টিভঙ্গি ও মানসিকতা সংক্রান্ত নানান বিষয় উদ্ঘাটিত হয়েছে।

74. (c) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন গভর্নর উরজিৎ প্যাটেল এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাঙ্ক (AIIB) এর ভাইস প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ডি জে পান্ডিয়ানের স্থলাভিষিক্ত হলেন।

**এক নজরে AIIB :**

- প্রতিষ্ঠাকাল – ২০১৬ সাল

- সদর কার্যালয় – বেজিং
- বর্তমান প্রেসিডেন্ট – লিন লিকুয়ান
- বর্তমান সদস্য সংখ্যা – ১০৫০

অ্যাচিভার্স

75. (a) 'দ্য পাওয়ার অফ দ্য ডগ' চলচ্চিত্রটির পরিচালক হলেন জেন ক্যাম্পিয়ন, একনজরে এবারের গোল্ডেন গ্লোব অ্যাওয়ার্ডস :
- পুরস্কার বিতরণী তারিখ – ৯ জানুয়ারি, ২০২২
- পুরস্কার বিতরণী স্থান – বেভারলি হিল্টন, ক্যালিফোর্নিয়া
- সবচেয়ে বেশি বিভাগে পুরস্কার পেয়েছে – 'দ্য পাওয়ার অফ দ্য ডগ'

76. (a) ম্যারিলিন বার্গম্যান মার্কিন যুক্তরাষ্ট্রের বিশিষ্ট গীতিকার ছিলেন। তিনি ১৯৬৯, ১৯৭৪, ১৯৮৪ সালে 'অস্কার' পুরস্কারে ভূষিত হয়েছিলেন।

77. (b) কেন্দ্রীয় রেলওয়ে মন্ত্রক গুজরাটের নর্মদা জেলার কেভাদিয়া রেলওয়ে স্টেশনের নাম পরিবর্তন করে একতা নগর রেলওয়ে স্টেশন রাখার অনুমোদন প্রদান করল।

**এক নজরে ইন্ডিয়ান রেলওয়েজ :**
- প্রতিষ্ঠাকাল – ১৮৩৬
- সদর কার্যালয় – নতুন দিল্লি
- মোট রেলওয়ে জোন – ১৮টি

78. (b) সম্প্রতি ইন্টারন্যাশনাল মনিটারি ফান্ডের রিসার্চ ডিপার্টমেন্টের প্রধান হিসাবে পিয়েরি অলিভিয়ার গৌরিনচাস পূর্ববর্তী পদাধিকারী গীতা গোপীনাথের স্থলাভিষিক্ত হলেন। তিনি একজন ফরাসি অর্থনীতিবিদ।

**এক নজরে IMF :**
- প্রতিষ্ঠাকাল – ১৯৪৫ সাল
- সদর কার্যালয় – ওয়াশিংটন ডিসি
- সদস্য দেশ – ১৯০

অ্যাচিভার্স

79. (d) ৫ জানুয়ারি কাজাখস্তানের ১১তম প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হলেন আলিখান সামাইলোভ। তিনি পূর্বে ২০১৮-২০ সাল পর্যন্ত অর্থমন্ত্রী, ২০১৯ সালে এই পদে নিযুক্ত হওয়ার আগে পর্যন্ত ডেপুটি প্রধানমন্ত্রী ছিলেন।

80. (c) ২০১৫ সালে সলমন খানের সঙ্গে 'বজরঙ্গী ভাইজান' চলচ্চিত্রে অভিনয় করার স্বীকৃতি স্বরূপ হর্ষালি মালহোত্রা ২০২২ সালের 'ভারতরত্ন ডক্টর আম্বেদকর অ্যাওয়ার্ডে' ভূষিত হলেন।

81. (b) কর্ণাটকের যুব ক্ষমতায়ন ও ক্রীড়া মন্ত্রীর সাম্প্রতিক কালের ঘোষণা অনুযায়ী ২০২৩ সালের খেলো ইন্ডিয়া গেমস কর্ণাটকে অনুষ্ঠিত হবে।

82. (c) সম্প্রতি প্রকাশিত হেনলি পাসপোর্ট ইনডেক্স Q1-2022 অনুযায়ী মোট ১১১টি দেশের মধ্যে ভারত ৮৩তম স্থানে রয়েছে। গত বছর ভারত মোট ১১৬টি দেশের মধ্যে ৯০তম স্থানে ছিল।

অ্যাচিভার্স

83. (a) ভারতীয় বংশোদ্ভূত নিউজিল্যান্ডের ক্রিকেটার আজাজ প্যাটেল আইসিসি মেনস প্লেয়ার অফ দ্য মান্থ অ্যাওয়ার্ড ফর ডিসেম্বর-২০২১ এ ভূষিত হলেন। তিনি ২০১৮ সালের অক্টোবর মাসে প্রথম আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ খেলেছিলেন।

84. (d) ভারতের অন্যতম রাষ্ট্রায়ত্ত সরকারি ইউকো ব্যাঙ্ক NPCI এর সহায়তায় 'RuPay Contactless Debit Card' চালু করল। এই কার্ডের উইথড্রয়াল লিমিট পঞ্চাশ হাজার টাকা।

**এক নজরে ইউকো ব্যাঙ্ক :**
- প্রতিষ্ঠাকাল – ১৯৪৩ সাল
- সদর কার্যালয় – কলকাতা
- বর্তমান এমডি এবং সিইও – সোমা শংকর প্রসাদ

অ্যাচিভার্স

85. (a) সিনিয়র রকেট বিজ্ঞানী এস সোমানাথ ভারতের মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর ১১তম চেয়ারম্যান হিসাবে এস সোমানাথ পূর্ববর্তী পদাধিকারী কে শিবানের স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে বিক্রম সারাভাই স্পেস সেন্টারের ডিরেক্টর হিসাবে কর্মরত ছিলেন।

**এক নজরে ISRO :**
- প্রতিষ্ঠাকাল – ১৯৬৯ সাল
- সদর কার্যালয় – বেঙ্গালুরু

অ্যাচিভার্স

86. (d) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ২৪তম তথা প্রাক্তন চেয়ারপার্সন সম্প্রতি 'Indomitable : A Working Woman's Notes on Work, Life and Leadership' গ্রন্থ রচনা করেছেন। তিনি ১৯৭৭ সালে প্রবেশনারি অফিসার হিসাবে এসবিআইতে যোগদান করেছিলেন।

87. (b) YES Asset Management সম্প্রতি YES Mutual Fund এর নাম পরিবর্তন করে 'White Oak Capital Mutual Fund' রাখা হল। 'White Oak Capital Group' প্রশান্ত খেমকা কর্তৃক প্রতিষ্ঠিত হয়েছিল।

88. (b) তিনি জাপানের বিশিষ্ট রাজনীতিবিদ ও জাপানের ৭৭তম প্রাক্তন প্রধানমন্ত্রী ছিলেন। তিনি ১৯৬০-২০০৯ সাল পর্যন্ত হাউস অফ রিপ্রেজেন্টেটিভের সদস্য ছিলেন।

89. (c) ১২-১৩ জানুয়ারি ভার্চুয়ালি মাধ্যমে ১৬তম 'The India Digital Summit-2022' অনুষ্ঠিত হয়ে গেল। ভারতের শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীযূষ গয়াল এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছিলেন। এই সামিটের থিম হল– 'Supercharging Startups'।

90. (c) ভারতের লক্ষ সেন ২০২২ সালের ইন্ডিয়া ওপেন ব্যাডমিন্টন প্রতিযোগিতায় সিঙ্গাপুরের লো কিয়ান ইউ কে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন।

অ্যাচিভার্স

91. (b) পণ্ডিত বিরজু মহারাজ শাস্ত্রীয় সংগীতশিল্পী ও কত্থক ধ্রুপদী নৃত্যশিল্পী ছিলেন। তিনি ১৯৮৬ সালে পদ্মবিভূষণ সম্মানে ভূষিত হয়েছেন।

92. (c) সম্প্রতি কেরলের কুম্বালাঙ্গি ভারতের প্রথম স্যানিটারি ন্যাপকিন মুক্ত গ্রামের স্বীকৃতি পেয়েছে। সম্প্রতি ওই গ্রামে মেয়েদের ৫ হাজার মেনেস্ট্রুয়াল ক্যাপ বিতরণ করা হয়েছে।

93. (c) আদানি পাওয়ার লিমিটেডের পরিচালন বোর্ড ওই সংস্থার

সিইও হিসাবে শের সিং খায়ালিয়াকে নির্বাচিত করল। তিনি পেশায় একজন চাটার্ড অ্যাকাউন্ট্যান্ট।

94. (c) পোল্যান্ডের কিংবদন্তী ফুটবলার রবার্ট লিওন্দাস্কি ২০২১ সালের ফিফা মেন্স প্লেয়ার অফ দ্য ইয়ার সম্মানে ভূষিত হয়েছেন। তিনি এযাবৎ পোল্যান্ডের জাতীয় দলের মোট ১২৮টি ম্যাচে ৭৪টি গোল করেছেন।

95. (c) তিনি একজন বিখ্যাত ভারতীয় তথা বাঙালি কমিক শিল্পী ছিলেন। দীর্ঘ পঞ্চাশ বছরের বেশি সময় ধরে তাঁর লেখা ও আঁকা কমিক চরিত্রগুলি বাঙালিকে মাতিয়ে রেখেছে। তাঁর সৃষ্ট কয়েকটি উল্লেখযোগ্য কার্টুন চরিত্র হল– হাঁদা ভোদা, ‘বাঁটুল দি গ্রেট’, ‘নন্টে ফন্টে’, ‘বাহাদুর বেড়াল’ প্রভৃতি।

96. (d) জনা স্মল ফিন্যান্স ব্যাঙ্ক ও এইউ স্মল ফিন্যান্স ব্যাঙ্ক উভয়েই SIDBI এর কাছ থেকে আর্থিক সাহায্য পেয়েছে।

**এক নজরে Jana SFB :**

- প্রতিষ্ঠাকাল – ২০১৮ সাল
- সদর কার্যালয় – বেঙ্গালুরু

**এক নজরে AU SFB :**

- প্রতিষ্ঠাকাল – ১৯৯৬ সাল
- সদর কার্যালয় – জয়পুর

97. (b) অ্যালেক্সিয়া পুটেল্লাস স্পেনের কিংবদন্তী মহিলা ফুটবলার। তিনি স্পেনের অনূর্ধ্ব-১৯ স্পেনের জাতীয় দলে দীর্ঘদিন খেলেছেন। তিনি ২০২১ সালের ব্যালন ডি'অর ফেমিনিন সম্মানে ভূষিত হয়েছেন।

98. (c) ১৮ জানুয়ারি এয়ার ইন্ডিয়া লিমিটেডের সিএমডি হিসাবে নিযুক্ত হলেন বিক্রমদেব দত্ত। ১৯৯৩ সালের AGMUT ক্যাডারের এই আইএএস অফিসার এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাজীব বনশলের স্থলাভিষিক্ত হলেন।

99. (a) বিশ্বব্যাপী ফার্মাসিউটিক্যাল কোম্পানি ফাইজার এর চেয়ারম্যান এবং চিফ এগজিকিউটিভ আলবার্ট বৌরলা ২০২২ সালের জেনেসিস প্রাইজে ভূষিত হলেন।

100. (c) সরস্বতী নদীর পুনরুজ্জীবনে হরিয়ানা সরকার সম্প্রতি হিমাচল প্রদেশ সরকারের সঙ্গে মউ স্বাক্ষর করেছে। সরস্বতী নদী হল ঋকবেদ এবং পরবর্তী বৈদিক যুগের গ্রন্থে উল্লেখিত একটি নদী।

★★★